অনূদিত

# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং- ০২ তারিখঃ জানুয়ারী ৯, ২০১৩

বাংলাদেশে বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

**বিদেশী পোর্টফোলিও বিনিয়োগকারীদের প্রদত্ত সেবার বিপরীতে বিদেশী ব্রোকারেজ ফার্মের অর্জিত কমিশন আয় বিদেশে প্রত্যাবাসন প্রসঙ্গে।**

বৈদেশিক পোর্টফোলিও বিনিয়োগকারীদেরকে বাংলাদেশে বিনিয়োগের জন্য প্রদত্ত সেবার বিপরীতে বিদেশী ব্রোকারেজ ফার্ম কর্তৃক বাংলাদেশে অর্জিত কমিশন বিদেশে প্রত্যাবাসন বিষয়ে অনুমোদিত ডিলারদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২. এ মর্মে লক্ষ্য করা গেছে যে, স্থানীয় ব্রোকারেজ ফার্ম বিদেশী ব্রোকারেজ ফার্মের পক্ষে বিদেশী বিনিয়োগকারী কর্তৃক বাংলাদেশে অনিবাসী টাকা হিসাবের [(Non-resident Investors Taka Account)(NITA)] মাধ্যমে সিকিউিরিটিজ ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে সহায়তা প্রদান করে থাকে এবং এসকল বিদেশী বিনিয়োগকারীর সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ের মাধ্যমে কমিশন/সার্ভিস চার্জ অর্জন করে থাকে। এভাবে অর্জিত কমিশন আয় দু'প্রান্তে অবস্থিত ব্রোকারেজ ফার্মের মধ্যে বন্টনের প্রয়োজন হয়।

০৩. বিদেশী ব্রোকারেজ ফার্মের কমিশন আয় ইত্যাদি সময়মত বাংলাদেশ হতে বিদেশে প্রত্যাবাসনের লক্ষ্যে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, নিম্নোক্ত শর্তাবলী পরিপালন সাপেক্ষে স্থানীয় ব্রোকারেজ ফার্ম বিদেশী ব্রোকারেজ ফার্মের কমিশন আয়ের অংশ বাংলাদেশ ব্যাংকের অনুমতি ব্যতিরেকে বিদেশে প্রত্যাবাসন করতে পারবে ঃ

ক. উক্ত স্থানীয় ব্রোকারেজ ফার্ম (এজেন্ট) কে বিদেশী ব্রোকারেজ ফার্ম (প্রিন্সিপাল) এর পক্ষে কাজ করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ বা প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের অন্যান্য কার্যালয় হতে বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এর ধারা ১৮(এ) মোতাবেক অনুমোদন গ্রহণ করতে হবে। উক্ত অনুমোদন গ্রহণের লক্ষ্যে স্থানীয় ব্রোকারেজ ফার্মকে বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ/সংশ্লিষ্ট অফিসে Annexure FBC-1 এ উল্লিখিত দলিলাদি/তথ্য সহকারে আবেদন করতে হবে ।

খ. শুধুমাত্র সংশ্লিষ্ট ব্রোকারেজ ফার্মে স্থাপিত বিও একাউন্ট এবং এডি ব্যাংকে স্থাপিত NITA এর মাধ্যমে বিদেশী বিনিয়োগকারীর বিনিয়োগকৃত সিকিউরিটিজ এর ক্রয়-বিক্রয়ের মাধ্যমে অর্জিত কমিশন আয়/সার্ভিস চার্জ হতে প্রয়োজনীয় কর ও অন্যান্য ব্যয় (যদি থাকে) কর্তন শেষে তা দু'পক্ষের মধ্যে স্বাক্ষরিত চুক্তি মোতাবেক বিদেশী ব্রোকারেজ ফার্মের সাথে বন্টন ও পরবর্তীতে বিদেশে প্রত্যাবাসনের জন্য বিবেচিত হবে।

চলমান পাতা/২

গ. বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এর ধারা ১৮ (এ) মোতাবেক বাংলাদেশ ব্যাংকের অনুমোদিত স্থানীয় ব্রোকারেজ ফার্ম (এজেন্ট) বিদেশী ব্রোকারেজ ফার্ম (প্রিন্সিপাল)কে রেমিট্যান্স প্রেরণের জন্য অনুমোদিত ডিলার ব্যাংককে অনুরোধ করবে। বিদেশী ষ্টক ব্রোকারেজ ফার্মকে প্রদেয় কমিশন/সার্ভিস চার্জ মাসিক ভিত্তিতে মোট কমিশন/সার্ভিস চার্জ হতে নিম্নোক্ত কর্তনাদির পর নির্ধারিত হবে ঃ (ক) স্থানীয় এজেন্টের কমিশন/সার্ভিস চার্জ, (খ) কমিশন/সার্ভিস চার্জ এর ওপর প্রদেয় কর; এবং (গ) Annexure FBC-2 অনুযায়ী প্রস্তুতকৃত বিবরণীতে উল্লিখিত নিরীক্ষা ফি সহ উভয় পক্ষের মধ্যে সম্পাদিত চুক্তি মোতাবেক অন্যান্য ব্যয়। বিবরণীটি স্থানীয় এজেন্টের নিরীক্ষক কর্তৃক প্রত্যায়িত হতে হবে। সংযুক্ত বিবরণীতে অনিবাসী পোর্টফোলিও বিনিয়োগকারীদের পক্ষে লেনদেনকৃত শেয়ারের পরিমাণ, অর্জিত কমিশন/সার্ভিস চার্জের পরিমাণ এবং প্রিন্সিপালকে প্রদেয় কমিশন/সার্ভিস চার্জের পরিমাণ ইত্যাদি উল্লেখ থাকবে। কোন মাসে অর্জিত কমিশন/সার্ভিস চার্জ পরবর্তী যে কোন মাসে প্রত্যাবাসিত হতে পারে।

ঘ. দাবিকৃত অর্থের উল্লেখসহ বিদেশী ব্রোকারেজ ফার্মের ইনভয়েস অনুমোদিত ডিলার বরাবরে দাখিলকৃত আবেদনে সংযুক্ত থাকতে হবে।

ঙ. রেমিট্যান্স পরবর্তী মাসে অনুমোদিত ডিলার সংশ্লিষ্ট লেনদেনসমূহ টিএম ফরম, Annexure FBC-2 এবং অন্যান্য সংযুক্ত দলিলাদিসহ যথারীতি দাখিলতব্য মাসিক রিটার্ণ এর সাথে বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট/বাংলাদেশ ব্যাংকের অন্য সংশ্লিষ্ট অফিসে দাখিল করতে হবে। এতদ্ব্যতীত, ঘটনোত্তর পরিবীক্ষণের জন্য কমিশন আয় প্রত্যাবাসনের ষান্মাসিক সমন্বিত তথ্য Annexure FBC-3 মোতাবেক বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ/বাংলাদেশ ব্যাংকের অন্য সংশ্লিষ্ট অফিসে দাখিল করতে হবে (জানুয়ারী-জুন ভিত্তিক তথ্য পরবর্তী আগষ্ট মাসে এবং জুলাই- ডিসেম্বর ভিত্তিক তথ্য পরবর্তী ফেব্রুয়ারী মাসে দাখিল করতে হবে)।

চ. যেসকল স্থানীয় ব্রোকারেজ ফার্ম ইতোমধ্যে বিদেশী ব্রোকারেজ ফার্মের সহযোগে বিদেশী পোর্টফোলিও বিনিয়োগকারীদের সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ের মাধ্যমে কমিশন অর্জন করেছে তারাও বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এর ধারা ১৮(এ) মোতাবেক অনুমোদন গ্রহণপূর্বক পূর্ববর্তী মাসসমূহের অপ্রত্যাবাসিত কমিশন (উপরোল্লিখিত নির্দেশনা অনুযায়ী হিসাবকৃত) একটি সমন্বিত FBC-2 ব্যবহার করে বিদেশে প্রত্যাবাসন করতে পারে ।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ জাকির হোসেন চৌধুরী)
উপ মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০২৫০

Annexure: FBC-1
(FE Circular No. 02, dated 09 Jan, 2013).

1. Application of the local brokerage firm in the letter head pad addressing to the head of concerned department/office of the Bangladesh Bank;
2. Form Annexure-II [Appendix 6/3, GFET 2009(Vol-1)] duly filled in;
3. Agreement with foreign principal(s) specifying description of the services under the contract, calculation/ratio of sharing of commission etc. between the parties, charges(if any) to be deducted from the commission earnings, signing and expiry date of the agreement, termination of contract, renewal of the contract, etc.;
4. Updated Trade License, membership license of the Central Depository, Bangladesh Ltd (CDBL), membership license of stock exchange(s), permission of the Bangladesh Securities and Exchange Commission to work as stock broker;
5. Attested Copy of TIN;
6. Bank Solvency Certificate;
7. Partnership deed (for partnership firms);
8. Certificate of Incorporation, Articles of Association, Memorandum of Association ( for companies)

VAT Registration Certificate (optional).

Annexure: FBC-2
(FE Circular No. 02, dated 09 Jan, 2013).

Name of the AD…………………………Bank……………………………Branch

**Statement showing commission/service charges payable to foreign stock brokerage firm (principal) abroad and settled thereagainst during the month of ………………….., ............. 20**

Name of Local Brokerage Firm (Agent):

Name of Foreign Brokerage Firm(Principal):

Bangladesh Bank's Permission No……………………………, Date:………………..

| Sl. No. | Name of Portfolio Investors | NITA No. | Bank Name and Branch | BO A/c No. | Gross commission / service charges earned | Distribution of commission earnings (Col 6) | | Deductions from earnings of Principal ( col 8) | | Net Amount Remittable (BDT) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | Agent | Principal | Taxes | Others | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 = 8-9-10 | |
| | | | | | | | | | | BDT | USD |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| Total | | | | | | | |
| 12. Add: Outstanding as per last statement | | | | | | | |
| 13. Net Amount remittable | | | | | | | |
| 14. Less: Amount remitted during the month | | | | | | | |
| 15. Net outstanding amount | | | | | | | |

We do hereby certify that the above information is correct. We also certify that taxes, VAT, etc. applicable to commission earnings have been deducted accordingly. We do hereby undertake that in the event of any excess amount of foreign exchange remitted to the foreign principal, the amount remitted as such in excess of the actual entitlement, will be repatriated/adjusted to Bangladesh immediately on demand by the Authorized Dealer/Bangladesh Bank or any other competent authority.

| | |
|---|---|
| Signature with date and stamp of the authorized official of the local stock brokerage firm with full name and designation. | Signature with date and stamp of the authorized official of the AD bank with full name and designation. |

Encl. Attested copy of transaction statements of investors

***Certificate from the Auditor***

Certified that the particulars furnished above truly represent the status of remittable amount to principal abroad.

Place: Signature :

Date: Status :

Name of the audit firm :

Annexure: FBC-3
(FE Circular No. 02, dated 09 Jan, 2013).

Name of the AD…………………………Bank…………………………….Branch

**Half yearly consolidated statement showing commission/service charges payable to foreign stock brokerage firm (principal abroad) and settled thereagainst during the period of …………………..,**

Name of Local Brokerage Firm (Agent):

Name of Foreign Brokerage Firm(Principal):

Bangladesh Bank's Permission No……………………………, Date:………………..

| Particulars | Amount in BDT | Amount in USD |
|---|---|---|
| Share of commission earnings earned during the reporting period (Net as per summation of FBC-2 of the period) | | |
| Add : Outstanding as per last statement | | |
| Net amount remittable | | |
| Less : Remittance effected during the reporting period (as per FBC-2) | | |
| Net outstanding amount (as per last FBC-2) | | |

| | |
|---|---|
| Signature with date and stamp of the authorized official of the local stock brokerage firm with full name, designation. | Signature with date and stamp of the authorized official of the AD bank with full name, designation. |

Encl.: Copies of FBC-2 and TM Forms submitted during the period.